

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২৭৩

পর্ব-৯: দু'আ (كتاب الدعوات)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - আল্লাহ সুবহানাহূ ওয়াতা আলার জিকির ও তাঁর নৈকট্য লাভ

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا مِنْ قَوْمٍ يَقُومُونَ مِنْ مَجْلِسٍ لَا يَذْكُرُونَ اللَّهَ فِيهِ إِلَّا قَامُوا عَنْ مِثْلِ جِيفَةِ حِمَارٍ وَكَانَ عَلَيْهِمْ حَسرَةً» . رَوَاهُ أحمدُ وَأَبُو دَاؤُد

বাংলা

২২৭৩-[১৩] উক্ত রাবী [আবূ হুরায়রাহ্ (রাঃ)] হতে এ হাদীসটিও বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে কোন দল কোন মাজলিস হতে আল্লাহর জিকির না করে উঠলে নিশ্চয় তারা মরা গাধা ('র মাংস) খেয়ে উঠল। এ মাজলিস তাদের জন্য আক্ষেপের কারণ হয়ে দাঁড়াবে। (আহমদ, আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৪৮৫৫, আল কালিমুত্ব ত্বইয়্যিব ২২৫, সহীহ আত্ তারগীব ১৫১৪, সহীহ আল জামি' ৫৭৫০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে কোন সম্প্রদায়ের লোকেরা একস্থানে বসে অনেক আলাপ-আলোচনা করল কিন্তু আল্লাহ তা'আলার কোন আলোচনা যদি তাদের কথার ভিতর না থাকে তাহলে তারা যেন গাধার পঁচা নাড়ি-ভুড়ি থেকে উঠে দাঁড়ালো, অর্থাৎ- তারা এতক্ষণ যে স্থানে বসা ছিল সে স্থানকে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ময়লা আবর্জনার দিক দিয়ে গাধার পঁচা নাড়ি-ভুড়ির সমতুল্য বলেছেন।

ইবনুল মালিক (রহঃ) বলেন, এত পশু থাকতে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এখানে গাধার নাড়ি-ভুড়ির প্রসঙ্গ এজন্য টেনেছেন যে, গাধা হলো প্রাণীকূলের মধ্যে সর্বাধিক পঁচা সড়ার ও নোংরামীর দিক দিয়ে অগ্রগামী। তাই কোন মু'মিন বান্দার উচিত হবে না যে, সে এমন বৈঠকে বসবে যেখানে আল্লাহর জিকির করা



হবে না এবং এটাও উচিত হবে না যে, সে বেঈমানদের সাথে উঠা-বসা করবে। এবং সে সেখান থেকে তেমনিভাবে কেটে পড়বে যেমনিভাবে সে গাধার পঁচা নাড়ি-ভুড়ি থেকে কেটে পড়ে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন